56

19 SEP 1994

দৈনিক বাংলা

তারিখ ১৯ SEP 1994
পৃষ্ঠা ২ কলাম ৬

# প্রাইমারী স্কুলে বিনামূল্যে বই বিতরণ এ সপ্তাহে শুরু

মিডিয়া সিন্ডিকেট : আগামী শিক্ষা বছরের জন্য প্রাইমারী স্কুলে বিনামূল্যে বই বিতরণ কার্যক্রম এ সপ্তাহেই শুরু হচ্ছে। প্রাথমিক শিক্ষা অধিদফতর আগামী জানুয়ারী মাস পর্যন্ত এক কোটি ৮২ লাখ সেট বই বিতরণ করবে।

সরকারী ও বেসরকারী (নিবন্ধনকৃত) প্রাইমারী স্কুল, ইবতেদায়ী মাদ্রাসা, সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রাথমিক শাখা, বেসরকারী উচ্চ বিদ্যালয়ের (নিবন্ধনকৃত) প্রাথমিক শাখা, এনজিও পরিচালিত প্রাইমারী স্কুল এবং অন্যান্য সামাজিক সংগঠন কর্তৃক পরিচালিত বিদ্যালয়ের ভর্তিকৃত

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **প্রাইমারী**

এক কোটি একান্ন লাখ আশি হাজার ছাত্র-ছাত্রী বিনামূল্যে বই পাবে। বাকি তিরিশ লাখ ছয়শ বিশ সেট বই প্রাথমিক শিক্ষা অধিদফতর দেশের ৬৪টি জেলা সদরে অতিরিক্ত বরাদ্দ হিসাবে পাঠাচ্ছে। প্রাকৃতিক দুর্যোগে বা অন্য কারণে নষ্ট হওয়ার কথা ভেবে এই অতিরিক্ত বই পাঠানো হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিচালক (মনিটরিং) কবির উদ্দীন আহমেদ জানান, জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের কাছ থেকে প্রাথমিক শিক্ষা পর্যায়ের (১ম-৫ম শ্রেণী) সকল পাঠ্যপুস্তক তারা চলতি মাসের শুরুতেই হাতে পেয়েছেন। দেশের জেলা সদরগুলোতে বই বিতরণ কার্যক্রম শুরু হচ্ছে ২০ সেপ্টেম্বর থেকে।

অধিদফতরের সহকারী পরিচালক (বিতরণ) আক্রাম হোসেন জানান, গত বছরের চাইতে এ বছর প্রাথমিক শিক্ষা পর্যায়ে ছাত্র-ছাত্রী বেড়েছে। ফলে অধিদফতরকে বই বরাদ্দের লক্ষ্যমাত্রা বেশি রাখতে হয়েছে। আগামী জানুয়ারীর মধ্যেই সকল শিক্ষার্থী হাতে বই পাবে বলে তিনি আশা প্রকাশ করেছেন।